দৈনিক সংবাদ

249

তারিখ AUG. 7 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## 'চার ছাত্রলীগ নেতাকে জামিন না দেয়ায় ভাঙচুর; মধ্যরাতে জামিন দিয়ে রক্ষা' প্রকাশিত খবরের প্রতিবাদ

উপরোল্লিখিত সংবাদটি ঠাকুরগাঁও জেলা আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ নেতৃবৃন্দকে জড়িয়ে যে সংবাদ পরিবেশন করা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত, যার ফলে আমাদের সংগঠনের ভাবমূর্তি অতীত ঐতিহ্য ক্ষুণ্ন করার অপচেষ্টা করা হয়েছে। পরিবেশিত সংবাদে আসামি হিসেবে (১) বিপ্লব দাস, (২) মনির উদ্দিন, (৩) সাদাম ও (৪) শামীম এরা কেউই বাংলাদেশ ছাত্রলীগের কোন সদস্য নয়, এমন কি আমাদের জানামতে এরা আওয়ামী পরিবারেরও কোন সদস্য নয়।

পত্রিকায় উল্লেখিত ঠাকুরগাঁও জেলা আওয়ামী লীগের সম্মানিত সভাপতি মির্জা রফিকুল ইসলাম এডভোকেট, সম্মানিত সাধারণ সম্পাদক এস এম আজগর আলী, প্রবীণ আওয়ামী লীগ নেতা ও ঠাকুরগাঁও পৌরসভা চেয়ারম্যান আকবর হোসেন, সদর থানা আওয়ামী লীগ সভাপতি এডভোকেট আবু জাফর শামসউদ্দিনসহ আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগ নেতৃবৃন্দ ঐ দিনের ঘটনার সাথে কোনভাবে জড়িত ছিলেন না- থাকার প্রশ্নও উঠে না।

আমাদের জেলা আওয়ামী লীগের সম্মানিত সভাপতি, জেলা আইনজীবী সমিতির সভাপতি ও বিজ্ঞ পিপি মির্জা রফিকুল ইসলাম এডভোকেট মহোদয়কে আপনার পত্রিকার সংবাদদাতা কোন প্রকার নির্দিষ্ট প্রশ্ন করেননি সুতরাং তার উদ্ধৃতি দিয়ে যে বক্তব্য প্রদান করা হয়েছে তা সম্পূর্ণ উদ্দেশ্য প্রণোদিতভাবে সংশ্লিষ্ট সংবাদদাতার হীনস্বার্থ চরিতার্থ করা হয়েছে মাত্র।

আমরা উক্তরূপ অসত্য সংবাদ আপনার পত্রিকায় প্রকাশিত হওয়ায় বিস্ময় প্রকাশ করছি এবং তীব্র ক্ষোভ ও নিন্দা জ্ঞাপন করছি- পাশাপাশি উপরোক্ত সংবাদকে ঘিরে গত ১৮/৭/৯৯ তারিখে আপনার পত্রিকায় যে সম্পাদকীয় প্রকাশিত হয়েছে আমরা তারও তীব্র নিন্দা জ্ঞাপন করছি। উক্ত সংবাদ ও সম্পাদকীয় প্রকাশের ফলে আমাদের সাংগঠনিকভাবে অপূরণীয় ক্ষতিসাধিত হয়েছে। আমরা আশা করি এবং মনেপ্রাণে বিশ্বাস করি 'সংবাদ'-এর মত একটি প্রগতিশীল দৈনিক পত্রিকায় সম্পাদকীয় কলাম প্রকাশের সময় সংবাদের বস্তুনিষ্ঠতা যাচাই করে সচেতনতার সাথে করাই বাঞ্ছনীয়।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে ধারণ করে জননেত্রী শেখ হাসিনার নির্দেশিত পথে দক্ষ নেতৃত্ব দ্বারা ঠাকুরগাঁও জেলা ছাত্রলীগ পরিচালিত। বাংলাদেশ ছাত্রলীগ অতীব পুরনো ও ঐতিহ্যবাহী বিশাল ছাত্রসংগঠন যা তার অতীত ইতিহাসই প্রমাণ করে, সুতরাং বাংলাদেশ ছাত্রলীগ সন্ত্রাস নয়, সন্ত্রাসের বিপক্ষে অবস্থান নিয়ে আইনের প্রতি সদাসর্বদা শ্রদ্ধা প্রদর্শন করে থাকে এবং আইন তার নিজস্ব গতিতে চলুক ইহাই আমাদের কাম্য।

শাহআলম গন্ধী আলমগীর
দপ্তর সম্পাদক
বাংলাদেশ ছাত্রলীগ
ঠাকুরগাঁও জেলা শাখা।